

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬ ভাদ্র ১৪৩১/ ১০ সেপ্টেম্বর ২০২৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.২৭৭—গত ৩০ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে পাকিস্তানের রাওয়ালপিন্ডি ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত সিরিজ নির্ধারণী দ্বিতীয় টেস্ট ক্রিকেট ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল একক আধিপত্য বজায় রেখে স্বাগতিক পাকিস্তান ক্রিকেট দলকে পরাজিত করে ২-০ ব্যবধানে সিরিজ জয়ের মাধ্যমে দেশের ক্রীড়া ইতিহাসে এক গৌরবোজ্জ্বল অধ্যায় শুরু করেছে। উল্লেখ্য, সিরিজের প্রথম টেস্ট ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল পাকিস্তান ক্রিকেট দলের বিরুদ্ধে ১০ উইকেটে এবং দ্বিতীয় টেস্ট ম্যাচে ০৬ উইকেটে জয়লাভ করে। বাংলাদেশ ক্রিকেট দল স্বাগতিক দেশ পাকিস্তানের বিপক্ষে এই প্রথম টেস্ট সিরিজ জয় করলো।

০২। পাকিস্তান ক্রিকেট দলের বিরুদ্ধে ২-০ ব্যবধানে টেস্ট সিরিজ জয় বাংলাদেশ ক্রিকেট দল বিশ্ব-ক্রিকেটে স্থায়ী অবস্থান আরও সুসংহত করেছে। উপদেষ্টা পরিষদ বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে নিরলস অনুশীলনের মাধ্যমে আগামীতেও ভাল ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে সকলে সম্মিলিতভাবে অবদান রাখবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করে উপদেষ্টা পরিষদের ২১ ভাদ্র ১৪৩১/ ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৩। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন
মন্ত্রিপরিষদ সচিব

(২৪৯৪৭)
মূল্য : টাকা ৪.০০

উপদেষ্টা পরিষদের অভিনন্দন প্রস্তাব

২১ ভাদ্র ১৪৩১
ঢাকা : ০৫ সেপ্টেম্বর ২০২৪

গত ৩০ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে পাকিস্তানের রাওয়ালপিন্ডি ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত সিরিজ নির্ধারনী দ্বিতীয় টেস্ট ক্রিকেট ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল একক আধিপত্য বজায় রেখে স্বাগতিক পাকিস্তান ক্রিকেট দলকে পরাজিত করে ২-০ ব্যবধানে সিরিজ জয়ের মাধ্যমে দেশের ক্রীড়া ইতিহাসে এক গৌরবোজ্জ্বল অধ্যায় শুরু করেছে। উল্লেখ্য, সিরিজের প্রথম টেস্ট ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল পাকিস্তান ক্রিকেট দলের বিরুদ্ধে ১০ উইকেটে এবং দ্বিতীয় টেস্ট ম্যাচে ০৬ উইকেটে জয়লাভ করে। বাংলাদেশ ক্রিকেট দল স্বাগতিক দেশ পাকিস্তানের বিপক্ষে এই প্রথম টেস্ট সিরিজ জয় করলো। উক্ত টেস্ট সিরিজে বাংলাদেশের পক্ষে দুর্দান্ত ক্রীড়া নৈপুণ্য প্রদর্শন করে মেহেদি হাসান মিরাজ প্লেয়ার অব দ্যা সিরিজ এবং লিটন কুমার দাস প্লেয়ার অব দ্যা ম্যাচ নির্বাচিত হয়েছেন।

পাকিস্তান ক্রিকেট দলের বিরুদ্ধে ২-০ ব্যবধানে টেস্ট সিরিজ জয় বাংলাদেশ ক্রিকেট দল বিশ্ব-ক্রিকেটে স্থায়ী অবস্থান আরও সুসংহত করেছে। উপদেষ্টা পরিষদ বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে আগামীতেও ভাল ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে সকলে সম্মিলিতভাবে অবদান রাখবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd